দৈনিক জনকণ্ঠ

৩০/৮/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ২ ... কলাম ২

# প্রকাশিত প্রতিবেদন সম্পর্কে জাতীয় বিশ্ববিদ্যালয়

গত ২৩ আগস্ট "এগারো দিনে দু'শ' ডিগ্রী কলেজে গবর্নিং বডির সভাপতি পরিবর্তন" শিরোনামে প্রকাশিত সংবাদ সম্পর্কে জাতীয় বিশ্ববিদ্যালয় বলেছে যে, সরকারী নীতিমালা ও নির্দেশের আলোকে অবাধ ও নিরপেক্ষ, নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ সৃষ্টির লক্ষ্যে যথাসময়ে রাজনৈতিকভাবে সম্পৃক্ত সমস্ত গবর্নিং বডির চেয়ারম্যানদের প্রত্যাহার করে নেয়া হয়েছে। বিভাগীয় শহরে বিভাগীয় কমিশনার ও অন্যান্য স্থানে অবস্থিত কলেজগুলোর গবর্নিং বডির চেয়ারম্যান হিসাবে ডিসিকে মনোনয়ন দেয়া হয়েছে। একইভাবে রাজনৈতিকভাবে সম্পৃক্ত সব কলেজের গবর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্যের মনোনয়ন প্রত্যাহার করা হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, হিতৈষী সদস্য কাউকে সরানো হয়নি। বিশ্ববিদ্যালয়ের আইন অনুসারে হিতৈষী সদস্য সরানোর এখতিয়ার জাতীয় বিশ্ববিদ্যালয়ের নেই। প্রতিবেদনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে রাজনৈতিকভাবে সম্পৃক্ত করার বিষয়টিও তথ্যভিত্তিক নয়।